সংবাদ

20 OCT 2016

# চিংড়ি ঘেরে ভেঙে গেছে স্কুলের চলাচলের রাস্তা

প্রতিনিধি, পাইকগাছা (খুলনা)

পাইকগাছার সোলাদানা ইউনিয়নের দক্ষিণ কাইনমুখী আদর্শ বালিকা বিদ্যালয়ে আসা যাওয়ার সরকারি কেয়ারের রাস্তাটি প্রভাবশালী ঘের মালিকদের চিংড়ি ঘেরের পানিতে ভেঙে গেছে। শিক্ষার্থীরাসহ এলাকাবাসী চরম বিপাকে। রাস্তার উপর ঝুঁকিপূর্ণ বাঁশের সাঁকো দিয়ে পার হয়ে স্কুলে যেতে হচ্ছে কোমলমতি শিক্ষার্থীদের। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করেছেন এলাকার ভূক্তভোগীমহল।

জানা যায়, পাইকগাছা উপজেলার সোলাদানা ইউনিয়নের আমুরকাটা স্লুইচ গেটের খালের দু'পাশ দিয়ে দুটি সরকারি কেয়ারের রাস্তা রয়েছে। খালের দুপাশে রয়েছে একটি মাধ্যমিক বিদ্যালয় ও দক্ষিণ পাশে রয়েছে আদর্শ বালিকা বিদ্যালয়। এলাকার প্রায় এক দেড় শত ছাত্রী ঐ রাস্তা দিয়ে বিদ্যালয়ে আসা যাওয়া করে। উক্ত রাস্তা দুটির পাশে রয়েছে অসংখ্যা মৎস্য লিজ ঘের। ঘের মালিকদের অবহেলায় রাস্তার বেহাল দশায় পরিণত হয়েছে। বালিকা বিদ্যালয় সংলগ্ন আবদুল মজিদ সানার লীজ ঘেরের পানিতে ভেঙে গেছে সরকারি কেয়ারের রাস্তা। শিক্ষার্থীদের বিদ্যালয়ে আসা যাওয়া প্রায় বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। শুধু শিক্ষার্থী নয় উক্ত এলাকার জনসাধারণের বাড়ি থেকে বাইরে আসতে হলে সঙ্গে করে গামছা নিয়ে আসতে হয় বলে এলাকাবাসী জানান। প্রধান শিক্ষক হরেন্দ্রনাথ রায় জানান, ইউপি চেয়ারম্যান, ঘের মালিক মজিদ সানা, উপজেলা নির্বাহী অফিসারসহ বিভিন্ন দপ্তরে ধরনা দিয়ে কোন ফল পাওয়া যায়নি। পরিশেষে কোন পথ না পেয়ে শিক্ষার্থীদের কথা চিন্তা করে নিজেরাই বাঁশের সাঁকো তৈরি করেছি। বাঁশের সাকো পার হয়ে ঝুঁকিপূর্ণভাবে শিক্ষার্থীদের বিদ্যালয়ে আসা-যাওয়া করতে হচ্ছে। প্রতিনিয়ত কোন না কোন শিক্ষার্থীকে বই খাতা সহ সাঁকো থেকে নিচে পড়ে যেতে দেখা যাচ্ছে। কাঁদা মাটি মেখে তাদের বিদ্যালয়ে আসতে হয়। এ দিকে উপজেলা নির্বাহী অফিসারের পক্ষ থেকে ঘের মালিকদের রাস্তা সংস্কারের নির্দেশন দেওয়া হলেও কোন কাজ হয়নি। বালিকা বিদ্যালয় সংলগ্ন কেয়ারের রাস্তাটি সংস্কারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন এলাকার ভুক্তভোগী মহল।

**পাইকগাছায়**

**ঝুকিপূর্ণ সাঁকো দিয়ে চলাচল করতে হচ্ছে শিক্ষার্থীদের**